



সেরা পাঠকের আত্মকথা জান্নাত মোহনা

ছোটবেলা থেকে বই নিয়ে আগ্রহ ছিল। গোয়েন্দা বা সায়েন্স ফিকশন বইয়ের প্রতি ছিল আলাদা ঝোঁক। পরীক্ষার ফল খারাপ হতে পারে, এই আশংকায় আমার মা একাডেমিক বইয়ের বাইরে অন্য কোনো বই পড়তে নিষেধ করতেন। তারপর আর পছন্দের বই পড়া হয়ে ওঠেনি। বই পড়ার চর্চা থেমে গেলেও বইয়ের প্রতি ভালবাসা মনের গভীরে ঠিকই লুকিয়ে ছিল। অনার্সে উঠে অল্প অল্প করে বই পড়া শুরু করি। এর মাঝে আমার প্রিয় সংগঠন ইয়ুথ এন্ডিং হাস্কার বাংলাদেশ ‘তারুণ্যের বই



উৎসব’ শিরোনামে ‘বই পড়া ও রিভিউ লেখা’ প্রতিযোগিতা আয়োজন করে। প্রতিযোগিতার ‘এক্সিকিউটিভ টিম’-এর একজন সদস্য হিসেবে কাজ করার পাশাপাশি একজন পাঠক হিসেবে অংশগ্রহণ করি। অপ্রত্যাশিতভাবে প্রথম পর্বের প্রতিযোগিতায় রংপুর বিভাগের সেরা পাঠক হিসেবে বিজয়ী হই। এই অর্জন আমার জন্য অত্যন্ত সুন্দর একটি পাওয়া বলে আমি গণ্য করি। আমি মনে করি, দিনের কিছুটা সময় নিজেকে দেওয়া উচিত এবং সেই সময়টা না হয় বই পড়াতেই ব্যয় হোক।

অনেক ধন্যবাদ, প্রিয় ইয়ুথ এন্ডিং হাস্কার!

পত্নীতলায় ইয়ুথ ফলোআপ সভা অনুষ্ঠিত

নওগাঁ জেলার পত্নীতলা উপজেলার ঘোষনগর ইউনিয়নের পূর্ব নেপালপুরে ইয়ুথ এন্ডিং হাস্কারের ফলোআপ সভা অনুষ্ঠিত হয়েছে। গত ৫ সেপ্টেম্বর অনুষ্ঠিত সভায় ইয়ুথ ইউনিট পুনর্গঠন করা হয়।

ফলোআপ সভায় বহুত্ববাদ, সংস্কার, দন্দ, গুজব, বিদ্বেষ ও ঘণাভাজিত কাজ পরিহার ও সম্প্রীতি অর্জন এবং সকল সম্প্রদায়ের অন্তর্ভুক্তি নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। স্থানীয় পরিস্থিতি পর্যালোচনা, নিজেদের গৃহীত কার্যক্রম ও সফলতার কথা তুলে ধরে ইয়ুথ লিডার সেলিনা পারভীন জানান, স্থানীয় উদ্যোগে স্থানীয় সমস্যা সমাধানের মানসিকতা থেকে কাজ করে যাচ্ছে নেপালপুর ইয়ুথ দল। তারা এলাকাবাসীকে সচেতন করে ও সরকারি



প্রশাসনের সহায়তা নিয়ে পরিবেশ দূষণ রোধে কাজ করছেন বলে তিনি উল্লেখ করেন। তাদের উদ্যোগের ফলে ইতোমধ্যে এলাকায় অস্বাস্থ্যকর প্রক্রিয়ায় চামড়া সংরক্ষণের চর্চা বন্ধ হয়েছে।

ইয়ুথ লিডাররা আরও জানান, তারা পাঁচটি বসতবাড়িতে শাক-সবজি চাষের উদ্যোগ গ্রহণ করেছেন। পরিবেশ রক্ষায় ১০০টি আম, পেঁপে, পেয়ারা, বেদনা, লিচু, কামরাঙ্গা, জলপাই, কাঁঠাল এবং লেবুর চারা রোপণ করা হয়েছে। ফলোআপ সভা পরিচালনা করেন দি হাস্কার প্রজেক্টের ইউনিয়ন কোঅর্ডিনেটর মোঃ রেজাউল করিম। সার্বিক সহযোগিতা করেন ইয়ুথ ইউনিট কো-অর্ডিনেটর সুমন হোসেন, ইয়ুথ লিডার তানিয়া, সেলিনা পারভীন প্রমুখ।

প্রতিবেদন: মোঃ রেজাউল করিম, নওগাঁ

করোনা প্রতিরোধে কুমিল্লার ইয়ুথ লিডারদের উদ্যোগ

কুমিল্লার লাকসাম উপজেলার উত্তরদা ইউনিয়নের ইয়ুথ এন্ডিং হাস্কার গণউদ্যোগ স্কুল এন্ড কলেজ ইউনিটের উদ্যোগে গত ১৬ আগস্ট আতাকরা গ্রামে করোনাভাইরাসের বিস্তার প্রতিরোধের লক্ষ্যে একটি প্রচারাভিযান পরিচালনা করা হয়।



প্রচারাভিযানে গ্রামবাসীকে যথাযথভাবে মাস্ক ব্যবহারের পদ্ধতি বিষয়ে ধারণা প্রদান ও মাস্ক বিতরণ করা হয়। ইয়ুথ ইউনিটের সদস্যরা গ্রামের ৪৫টি বাড়িতে গিয়ে প্রত্যেক বাড়ির সদস্যদের একত্রিত করে মাস্ক পরার সঠিক পদ্ধতি দেখিয়ে দেন এবং তাদের মধ্যে বিনামূল্যে মাস্ক বিতরণ করেন। করোনাভাইরাস সংক্রমণের শুরু থেকেই



কুমিল্লা অঞ্চলের ইয়ুথ লিডাররা জনসচেতনতা সৃষ্টিসহ মানবিক সহায়তা কর্মসূচি পরিচালনা করছে। ইয়ুথ এন্ডিং হাস্কার গণউদ্যোগ স্কুল এন্ড কলেজ ইউনিটের সমন্বয়কারী সাবিনা ইয়াসমিন সুইটির নেতৃত্বে করোনাসহিষ্ণু গ্রাম গঠনের লক্ষ্যে প্রচারাভিযান পরিচালিত হয়।

প্রতিবেদন: জিল্লুর রহমান, কুমিল্লা



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাছিমা আক্তার জলি
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাস্কার বাংলাদেশ
সহযোগিতায়: দি হাস্কার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org

www.yeh.thpbd.org | thpbd.org

[facebook.com/YEHBD](https://www.facebook.com/YEHBD)

হেয়ার্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা -১২০৭।
ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

THE
HUNGER
PROJECT